# নীলফামারী পৌরসভা কার্যালয়
## নীলফামারী।
### নগর সমন্বয় কমিটির (TLCC)'র এর ৫৭ তম ত্রৈ-মাসিক সভার কার্যবিবরণী
### অক্টোবর-ডিসেম্বর/২০২৩ খ্রিঃ

**সভাপতি ঃ জনাব মোঃ দেওয়ান কামাল আহমেদ মেয়র, নীলফামারী পৌরসভা।** **সভার স্থান ঃ নীলফামারী পৌরসভা মিলনায়তন** **সভার তারিখ ঃ ২৮/১২/২০২৩খ্রিঃ** **সময় ঃ ১১.০০ ঘটিকা।**

সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতেই সম্মানীত সদস্যবৃন্দের উপস্থিতিতে জনাব মোঃ খাইরুল ইসলাম পবিত্র কোরআন তেলাওয়াত করেন, পবিত্র গীতা থেকে পাঠ করেন জনাব শ্রী দুলাল চন্দ্র রায়, বিলক্লাক, নীলফামারী পৌরসভা, নীলফামারী । সভাপতি মহোদয় নগর সমন্বয় কমিটি (TLCC)-এর সম্মানিত সকল সদস্যগনকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্য আরম্ভ করেন। বর্তমানে ঢাকাসহ সারা দেশে ডেঙ্গুর প্রকপ বৃদ্ধি পাওয়ায় মশক ও ডেঙ্গু নিধনে রাস্তা-ঘাট ,ড্রেন ও বাড়ীর আশে-পাশে ময়লা-আবর্জনা পরিস্কার রাখার বিষয়ে সবার প্রতি অনুরোধ করেন।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মশিউর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা নোটিশের আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্য শুরু করেন এবং নিম্নরূপ মতে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্য সূচী - ১ ঃ বিগত সভার কার্য বিবরণী পঠন ও অনুমোদন।**

| বিগত সভার কার্য বিবরণী পাঠ | কার্য বিবরণী সঠিকভাবে লিখিত হওয়া বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| জনাব মোঃ আফজালুল হক অত্র পৌরসভার কোষাধ্যক্ষ গত ২৫/০৯/২০২৩ তারিখের সভার কার্য বিবরণী সভায় পাঠ করে শোনান। | কার্য-বিবরণী সঠিকভাবে লিখিত হয় ও সদস্যদের মধ্যে বিতরণ করা হয়। | কোন সংশোধনী নেই | বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হলো। |

**আলোচ্য সূচী - ২ ঃ নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) এর আওতায় UGIAP বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

**ক্ষেত্র-১ ঃ নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ(Citizen Awareness and Participation)**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | শহর সমন্বয় কমিটি (TLCC) গঠন ও কাজ | TLCC সম্মানিত সদস্য পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ মশিউর রহমান জানান যে, অত্র পৌরসভায় ২০১২সাল থেকে নিয়মিতভাবে ত্রৈ-মাসিক ভিত্তিতে TLCC সভা যথাসময়ে | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | করা (রেফারেন্সঃ পৌরসভা আইন, ২০০৯ এর ধারা ১১৫ ) | অনুষ্ঠিত হচেছ এবং কার্যবিবরণী PMO-তে প্রেরণ করা হয়ে থাকে। গত ২৫/০৯/২০২৩ইং তারিখের সভার কার্য বিবরণী প্রস্তুত করে সকল সদস্যদের মধ্যে বিতরণ ও PMO-তে প্রেরণ করা হয়েছে। | | | |
| খ) | ওয়ার্ড কমিটি গঠন এবং কাজ (WC) (রেফারেন্সঃ পৌরসভা আইন, ২০০৯ এর ধারা ১৪) | WC সদস্য সচিব জনাব মোঃ তাজুল ইসলাম জানান ত্রৈ-মাসিক ভিত্তিতে গত ২৬/১১/২০২৩ইং তারিখ হতে ১২/১২/২০২৩ইং তারিখ পর্যন্ত ৯টি ওয়ার্ডের ৯টি WC সভা অনুষ্ঠিত হয়েছে । তিনি সভাকে জানান পৌরসভার ৯টি ওয়ার্ডে ৯টি WC অনুষ্ঠিত সভায় কাউন্সিলর ও সম্মানিত সদস্যবৃন্দ রাস্তা,ড্রেন নির্মান ও সংস্কারের ও শীতবস্ত্র ক্রয়পুর্বক বিতরনের জন্য প্রস্তাব করেন। সভার কার্য বিবরণী প্রস্তুত করে সকল সদস্যদের মধ্যে বিতরণ করে PMO-তে প্রেরণ করা হয়েছে। | প্রস্তাব অনুযায়ী রাস্তা ও ড্রেন এর তালিকা প্রস্তুত করে অগ্রাধীকার ভিত্তিতে কাজ করার এবং শীতবস্ত্র ক্রয়পুর্বক বিতরনের জন্য প্রস্তাব গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (সিভিল/পানি) | |
| গ) | নাগরিক সনদ প্রণয়ন ও বাস্তবায়ন (রেফারেন্সঃ পৌরসভা আইন, ২০০৯ এর ধারা ৫৩) | নাগরিক সনদ (সিটিজেন চার্টার) চুড়ান্তভাবে হালনাগাদ করে পৌর এলাকার ৫টি গুরুত্বপূর্ণ জনবহুল স্থান যেমন ডিসির মোড়, বড় বাজার, কেন্দ্রীয় বাস টার্মিনাল, হাসপাতাল সংলগ্ন উকিলের মোড়, এবং পৌরসভা চত্তরে স্থাপন করা হয়েছে। প্রদর্শিত নাগরিক সনদ অনুযায়ী পৌরসভার যাবতীয় সেবা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ফলে পৌর নাগরিক সেবা গ্রহণ যেমন সহজতর হয়েছে তেমনি পৌরবাসীও সেবার মূল্য প্রদানে উৎসাহী হয়েছে। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে নাগরিক সনদ বিকৃত কিংবা নষ্ট হলে তাৎক্ষনিক ভাবে প্রতিস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা | |
| ঘ) | তথ্য ও অভিযোগ প্রতিকার সেল (IGRC) গঠন ও কাজ করা | গত ১/১১/২০১২ ইং তারিখে পৌরসভা চত্বরে অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে। পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মশিউর রহমান জানান অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়াটারে ১০ টি অভিযোগ পাওয়া গেছে। তন্মধ্যে ৩ টি অভিযোগ বাক্সে জমা হয়েছে এবং ৭ টি অভিযোগ পৌরসভার বিভিন্ন ওয়ার্ড থেকে মুটোফোনের মাধ্যমে পাওয়া যায়। এ সমস্ত অভিযোগ রেজিষ্টারে লিপিবদ্ধ করে এবং কিছু অভিযোগ তাৎক্ষনিক নিস্পত্তি করা হয়েছে। অত্র কমিটির সভাপতি জনাব মোঃ মোস্তাফিজার রহমান জানান তথ্য ও অভিযোগ প্রতিকার সেল গঠন ও কার্যকর রাখার ফলে পৌরসভা ও পৌর নাগরিক এর মধ্যে একটি সম্পর্ক তৈরি হয়েছে এবং অভিযোগের দ্রুত সমাধান হওয়ায় নাগরিক সন্তুষ্টি বিদ্যমান রয়েছে। | সংশ্লিষ্ট শাখার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে দ্রুত নিস্পত্তি বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশল(বিদ্যৎ) /কনজারভেন্সি ইন্সপেক্টর | |

**ক্ষেত্র-২ ঃ নগর পরিকল্পনা(Urban Planning)।**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (PDP) প্রণয়ন ও বাস্তবায়ন | পৌরসভার নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ তারিক রেজা জানান যে UGIIP-III প্রকল্পের আওতায় প্রকল্পের কাজ সম্পূর্ণ শেষ হয়েছে। উক্ত উন্নয়নমুলক কাজের সংস্কার বাবদ প্রকল্প অফিস থেকে কিছু বরাদ্দ পাওয়া যাবে সে লক্ষে কাজ চলমান আছে। চলতি অর্থ বছরে এডিবির আওতায় পিডিপি হতে নেওয়া প্রকল্প টেন্ডার প্রক্রিয়াধীন। | সম্মানীত কাউন্সিলর ও সদস্যর বৃন্দ যথাসময়ে কাজ শেষ করার জন্য ধন্যবাদ জানান এবং পিডিপি হতে নেওয়া প্রকল্প টেন্ডার আহবানের প্রস্তাব গৃতীত হয়। | নির্বাহী প্রকৌশলী | |
| খ) | **মাস্টার প্লান প্রস্তুত করা ও মাস্টার প্লান অনুসরন করে** | প্রক্রিয়াধীন | প্রক্রিয়াধীন | নির্বাহী প্রকৌশলী | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | **কার্যক্রম বাস্তবায়ন করা** | | | | |
| গ) | উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রণ | জনাব মোঃ হামিদুর রহমান সহকারী প্রকৌশলী সদস্য সচিব নগর পরিকল্পনা ইউনিট জানান যে, নগর পরিকল্পনা ইউনিটের ত্রৈ-মাসিক সভা গত ২১/১২/২০২৩ইং তারিখে অনুষ্ঠিত হয় এবং সভার কার্য-বিবরণী সদস্য ও PMO তে প্রেরন করা হয়েছে । অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে ২৯ টি নকশা অনুমোদনের জন্য জমা হয় তন্মধ্যে পুর্বেরজমাকৃত নকশাসহ ২২ টি অনুমোদন দেওয়া হয়। জুলাই-ডিসেম্বর/২০২৩ইং পর্যন্ত সর্বমোট ৬৯ টি নকশা অনুমোদনের জন্য জমা হয় তন্মধ্যে পুর্বেরজমাকৃত মোট ২২ টি নকশা অনুমোদন দেওয়া হয় অবশিষ্ট নকশা ত্রুটিপুর্ন থাকায় অনুমোদন দেওয়া হয় নাই। | নকশা অনুমোদনের প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী/সহকারী প্রকৌশলী | |

**ক্ষেত্র-৩** ঃ নারী ও শহুরে জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তি করণ (Equity and Inclusiveness of Women and Urban Poor) ।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ক) | **GAP এবং PRAP প্রস্তুত ও পরিচালনার জন্য এবং মহিলা ও শিশু সম্পর্কিত স্থায়ী কমিটি এবং দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি(STC) গঠন ও সক্রিয় করন** (রেফারেন্সঃ পৌরসভা আইন, ২০০৯ এর ধারা ৫৫) | নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব মোঃ আফজালুল হক জানান ২৬/১০/২০২৩,২৭/১১/২০২৩,ও ২০/১২/২০২৩ ইং তারিখে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করা হয়েছে। নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা মোছাঃ মাহমুদা নাসরিন কাউন্সিলর ওয়ার্ড নং ৪,৫, ৬ জানান জেন্ডার এ্যাকশন প্লান বাস্তবায়নের লক্ষ্যে ২০২৩-২০২৪ইং অর্থবছরে রাজস্ব বাজেটে GAP খাতে ১৯,৪২,৫০০.০০ টাকা বরাদ্দ রাখা হয়েছে। উক্ত টাকা GAP বাস্তবায়নের লক্ষে বার্ষিক কর্মপরিল্পনা প্রস্তুত করা হয়েছে। পরিকল্পনা অনুয়ায়ী চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে ৮,০৫,০০০/-টাকা বরাদ্দ রাখা হয়েছে। পরিকল্পনা অনুয়ায়ী চলতি কোয়ার্টারে অসহায় দরিদ্র নারীদের মাঝে চিকিৎসা/বিবাহ ১৬,০০০.০০ টাকা, গরীব অসহায় নারীদের মাঝে আর্থিক সাহায্য বাবদ ১১,০০০.০০ টাকা, গরীব অসহায় মেধাবী ছাত্রীদের বই ক্রয়/ফরমপুরন বাবদ ১০,০০০/-টাকা, ও হতদরিদ্র নারীদের মাঝে শীত বস্ত্র ক্রয় পুর্বক বিতরণ বাবদ ২,৭১,০০০.০০ টাকা ব্যয় করা হয়েছে। মোট ব্যয় করা হয়েছে ৩,০৮,০০০.০০ টাকা। জুলাই-ডিসেম্বর/২০২৩ইং পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ৩,৩৩,০০০.০০ টাকা । ব্যয়ের হার ১৭%।<br><br>অত্র পৌরসভার দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাবা মোছাঃ আফরোজা সুলতানা ওয়ার্ড নং ৭,৮,৯ জানান ২০২৩-২০২৪ইং অর্থবছরে PRAP খাতে ৩৯,৩৭,৫০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। উক্ত টাকা PRAP বাস্তবায়নের লক্ষে বার্ষিক কর্মপরিল্পনা প্রস্তুত করা হয়েছে। দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব জনাব মোঃ হামিদুর রহমান সহকারী প্রকৌশলী জানান ২৯/১০/২০২৩,২৮/১১/২০২৩,ও ২১/১২/২০২৩ ইং তারিখে দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার কার্যবিবরনী তৈরী করে সদস্যদের মাঝে বিতরন করা হয়েছে। তিনি আরও জানান পরিকল্পনা অনুয়ায়ী চলতি কোয়ার্টারে ১৬,০২,৫০০.০০ টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে । অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে অসহায় দরিদ্র পুরুষদের মাঝে চিকিৎসা ২১,০০০.০০ টাকা ও গরীব অসহায় পুরুষদের মাঝে আর্থিক সাহায্য বাবদ ১৯,০০০.০০ টাকা, গরীব অসহায় পুরুষদের মাঝে বই ক্রয়/ফরম পুরন বাবদ ১২,০০০/-টাকা, এবং হতদরিদ্র পুরুষদের মাঝে শীত বস্ত্র ক্রয় পুর্বক বিতরণ বাবদ ৪,০৫,৩৮৫.০০ টাকা ব্যয় করা হয়েছে। মোট ব্যয় করা হয়েছে ৪,৫৭,৩৮৫.০০। জুলাই-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ৪,৮৭,৩৮৫.০০ টাকা । ব্যয়ের হার ১২%। ডেঙ্গু ও মশক নিধনে ময়লা আবর্জনা ও ড্রেন পরিস্কার করন এবং ফগার ও হ্যান্ড মেশিন দ্বারা বাড়ীর আশে-পাশে ঔষুধ ছিটানোর বিষয়ে সভায় আলোচনা হয়। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে শীত নির্বারনে GAP ও PRAP খাতে বরাদ্দ হতে শীত বস্ত্র ক্রয় পুর্বক বিতরণ এবং ডেঙ্গু ও মশক নিধনে ময়লা আবর্জনা ও ড্রেন পরিস্কার রাখার জন্য প্রচার-প্রচারনার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | গঠিত কমিটির সদস্য সচিব | |
| খ) | বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বস্তি উন্নয়ন কমিটি (SIC) গঠণ করুন | অত্র পৌরসভার বস্তি সমূহে কাজ শেষ হয়েছে। বস্তি উন্নয়ন কমিটি (Slum Improvement Commitee-SIC) সভা চলমান আছে। । | বস্তির কাজ শেষ হওয়ায় সন্তুষ্টি প্রকাশ করেন ।। | বস্তি উন্নয়ন কর্মকর্তা/ সদস্য সচিব | |

**ক্ষেত্র-৪ ঃ স্থানীয় সম্পদ আহরণ বৃদ্ধি(Enhancement of Local Resource Mobilization) ।**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৪ | ৫ | ৬ | |
| ক) | হোল্ডিং ট্যাক্সের মাধ্যমে রাজস্ব আহরণ | জনাব মোঃ নুরুজ্জামান এ্যাসেসর(ভারপ্রাপ্ত) জানান প্রতি পাঁচ বছর অন্তর অন্তর রি-এ্যাসেসমেন্ট এবং পৌরসভার কর আদায় ও নিরুপন কমিটি কর্তৃক ধার্যকৃত কর রিভিউ করে চুড়ান্ত করার বিধান রয়েছে সে অনুযায়ী ২০২১-২০২২ ইং অর্থ বছরে রি-এ্যাসেসমেন্ট সংক্রান্ত কার্যক্রম শেষ হয়েছে এবং ২০২২-২০২৩ইং অর্থ বছরের জন্য কর ধার্য করা হয়েছে। চলতি ২০২৩-২০২৪ইং অর্থ বছরে মোট হোল্ডিং সংখ্যা সরকারী ৫৯ টি ও বেসরকারী হোল্ডিং সংখ্যা ১০২৯৮ টি সর্বমোট ১০৩৫৭ টি যাহার বিপরীতে সরকারী বকেয়া দাবী ৪৪,৫১,৬৯৪.০০ টাকা বেসরকারী বকেয়া দাবী ২৪,৪৭,৬০৫.০০ টাকা মোট বকেয়া দাবী ৬৮,৯৯,২৯৯.০০ টাকা ও সরকারী চলতি পৌরকর ২,৭৬,০০,০০০.০০ টাকা, চলতি বেসরকারী পৌরকর দাবী ১,২৫,০০,৪৫০.০০ টাকা মোট চলতি দাবী ৪,০১,০০,৪৫০.০০ টাকা সর্বমোট দাবী ৪,৬৯,৯৯,৭৪৯.০০ টাকা যাহার বিপরীতে চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে আদায় হয়েছে ১,১৮,৬৯,১৪৩/-টাকা । জুলাই-ডিসেম্বর/২০২৩ইং পর্যন্ত সর্বমোট আদায় হয়েছে ১,৬৯,৬৪,১০৪.০০ টাকা। আদায়ের হার ৩৬%। চলতি কোয়াটারে মোট ৭১০০ টি বিল প্রিন্টপুর্বক করদাতার নিকট প্রেরন করা হয়েছে। পৌরকর আদায় বৃদ্ধির জন্য চলতি ২০২৩-২৪ইং অর্থ বছরে কর্মকর্তা ও কর্মচারীর সমন্বয়ে টিম গঠন ও মাইকিং করে সকল কার্যক্রম গ্রহন করার জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে মেয়র মহোদয় নির্দেশ দেন । জনাব মোঃ ময়নুল ইসলাম ধার্যকৃত পৌরকর যথাসময়ে আদায়ের জন্য পরামর্শ দেন। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে পৌরকর আদায় বৃদ্ধির জন্য ২০২৩-২৪ইং অর্থ বছরে কর্মকর্তা ও কর্মচারীর সমন্বয়ে টিম গঠন ও মাইকিং করে ধার্যকৃত পৌরকর যথাসময়ে আদায় করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | এ্যাসেসর (ভারঃ) ও কর আদায়কারী | |
| খ) | **অন্যান্য উৎস থেকে পরোক্ষ কর ও ফি আদায়ের মাধ্যমে রাজস্ব সংগ্রহ (হোল্ডিং ট্যাক্স ব্যতীত )** | সভায় জনাব মোঃ মশিউর রহমান পৌর নির্বাহী কর্মকর্তা অবহিত করেন যে, চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে মোট নিজস্ব অন্যান্য উৎস খাতের দাবী ৫,৮৩,৯১,৩৫৮/-টাকা । যাহার বিপরীতে চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে আদায় হয়েছে ১,১৩,৯১,৩৭০/-টাকা । জুলাই-ডিসেম্বর/২০২৩ইং পর্যন্ত সর্বমোট আদায় হয়েছে ২,১৭,৬৭,৪৬১.০০ টাকা। আদায়ের হার ৩৭%। জনাব ডাঃ মোস্তাফিজুর রহমান সবুজ পেশাজীবি প্রতিনিধি জানান বকেয়া দোকান ভাড়া বিল আদায়ে সবার সহযোগিতা কামনা করেন। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে পরোক্ষ কর আদায় সন্তুষ্টি প্রকাশ করে চলতি ২০২৩-২৪ ইং অর্থ বছরে বার্ষিক কর্মপরিল্পনা অনুযায়ী আদায় বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা / হিসাব রক্ষক/ হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| গ) | **ট্যাক্স রেকর্ড সিস্টেম কম্পিউটারাইজ করুন এবং কম্পিউটারাইজড ট্যাক্স বিল তৈরি করুন** | কম্পিউটারের মাধ্যমে ট্যাক্স বিলের যাবতীয় কার্যক্রম সম্পাদন করা হচ্ছে এবং কম্পিউটারের সফটওয়্যারের মাধ্যমে বিল প্রস্তুত করে গ্রাহকগণের নিকট বিল প্রদান করা হচ্ছে; যা গ্রাহকগণকে ব্যাংকের মাধ্যমে বিল পরিশোধ করছেন। চলতি কোয়ার্টারে গ্রাহকগণের নিকট মোট ৭১০০ টি বিল প্রিন্টপুর্বক প্রদান করা হয়েছে। | কম্পিউটারের মাধ্যমে ট্যাক্স বিল প্রদান এবং ব্যাংকের মাধ্যমে আদায় কার্যক্রম প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয় । | কর আদায়কারী | |
| ঘ) | **পানির শুল্ক নির্ধারন ও সংগ্রহ** | পানিশাখার বিলক্লাক জনাব দুলাল চন্দ্র রায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ১৫৯০ টি সংযোগের বিপরীতে চলতি পানি বিলের দাবী ১৭,৪০,৪৫৬/- টাকা ও বকেয়া দাবী ১২,১১,৮৯১/- টাকা মোট পানির বিল দাবী ২৯,৫২,৩৪৭/- টাকা, যাহার চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে আদায় হয়েছে ৪,৩১,৩২০/-টাকা ।জুলাই-ডিসেম্বর/২০২৩ইং পর্যন্ত সর্বমোট আদায় হয়েছে ৫,৭৯,৯৫৫/-টাকা। আদায়ের হার ২০%। চলতি কোয়ার্টারে | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে বার্ষিক কর্মপরিল্পনা অনুযায়ী আদায় বৃদ্ধির জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী/ বিল ক্লার্ক | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | মোট ১৫৯০ টি বিল প্রিন্টপুর্বক গ্রহকের  নিকট প্রেরন করা হয়েছে। সম্মানীত সদস্য মোঃ মিজানুর রহমান লিটু নাগরিক সমাজের প্রতিনিধি জানান পানি বিল আদায় বৃদ্ধির জন্য কর্মকর্তা ও কর্মচারীর সমন্বয়ে টিম গঠন ও মাইকিং করার জন্য প্রস্তাব করেন । | | | |

**ক্ষেত্র-৫ ঃ আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা(Financial Management, Accountability and Sustainability)**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | **প্রতিষ্ঠা ও অর্থ সংক্রান্ত স্থায়ী কমিটির সম্পৃক্ততার সাথে বার্ষিক পৌরসভা বাজেট প্রণয়ন** (রেফারেন্সঃ পৌরসভা আইন, ২০০৯ এর ধারা ৫৫) | জনাব মোঃ আফজালুল হক ক্যাশিয়ার অবহিত করেন গত স্মারক নং এলজিইডি/পিডি/UGIIP-III/বি-০৩/২০১৪/৬৬২(৩৫) তাং ০৯/০৪/২০২৩ ইং তারিখে পত্র অনুযায়ী অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে UGIAP এ বর্নিত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে ২০২২-২০২৩ইং অর্থ বছরের সংশোধিত ও ২০২৩-২০২৪ইং অর্থ বছরের প্রস্তাবিত খসড়া বাজেট প্রণয়ন করার জন্য পত্র প্রেরন করেছেন। পত্র অনুযায়ী গত ২৯/০৫/২০২৩ ইং তারিখ বিশেষ TLCC ও ৩১/০৫/২০২৩ ইং তারিখের বিশেষ মাসিক সভায় আলোচনান্তে ২০২৩-২০২৪ ইং সনের জন্য প্রস্তাবিত আয় ৬০,৯৪,১২,৩২৮.০০ টাকা ও ব্যয় ৬০,৯৩,৭৪,০০.০০ টাকা এবং সমাপানী স্থিতি ৩৮,৩২৮.০০ টাকা, প্রারম্ভিক উদ্ধৃত্ত ৬০,০৩,৮৭২.৬১ টাকা সহ সর্বমোট সমাপনী উদ্ধৃত্ত ৬০,৪২,২০০.৬১ টাকা বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন হয়। | অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে আগামী ২০২৪-২০২৫ইং অর্থ বছরের খসড়া বাজেট প্রণয়ন,জনসাধারনের মতামতের জন্য নোটিশ বোর্ডে স্থাপন,বিশেষ TLCC-সভায় অনুমোদন ও পৌর পরিষদে সভায় চুড়ান্ত অনুমোদন সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি, অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি/পৌর নির্বাহী কর্মকর্তা / হিসাব রক্ষক/ হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| খ) | **হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত স্থায়ী কমিটির সম্পৃক্ততার সাথে হিসাবের অডিট করা** (রেফারেন্সঃ পৌরসভা আইন, ২০০৯ এর ধারা ৫৫) | জনাব মোঃ আফজালুল হক ক্যাশিয়ার জানান স্মারক নং ৪৬.০২.০০০০.৭৯৬.১৪.১৩.১৯/১০১২(৩৫) তারিখ ২০/০৬/২০২৩ইং তারিখের পত্রের নির্দেশনা সভায় আলোচনা করেন। পৌরসভা অডিট এন্ড একাউন্টস বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক ২০২২-২০২৩ইং অর্থ বছরের অভ্যন্তরীন নিরীক্ষা সম্পন্ন করে ১৯/০৯/২০২৩ ইং তারিখের মধ্যে জমা প্রদানের বিষয় সভায় উপস্থাপন করেন। | চলতি ২০২২-২০২৩ অর্থ বছর আয়-ব্যয় হিসাব অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করে P M O তে প্রেরনের এবং এ সম্পর্কীত কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | সভাপতি, অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটি/ হিসাব রক্ষক/ হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| গ) | **কম্পিউটারাইজড অ্যাকাউন্টিং সিস্টেম স্থাপন এবং কম্পিউটারাইজড অ্যাকাউন্টিং রিপোর্ট তৈরি করা** | কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার যাবতীয় কার্যক্রম সম্পাদন করা হচ্ছে এবং কম্পিউটারের সফটওয়্যারের মাধ্যমে প্রতি মাসে পূর্ববর্তী মাসের আয়-ব্যয়ের হিসাব সমূহ প্রিন্ট অন্তে মেয়র মহোদয় বরাবরে উপস্থাপন করা হয়। | প্রক্রিয়া চলমান রাখতে হবে। | হিসাব রক্ষক/ হিসাব রক্ষণ কর্মকর্তা | |
| ঘ) | **কর্মীদের বেতন, বৈদ্যুতিক ও টেলিফোন বিল এবং ঋণ পরিশোধ** | সভায় জনাব মোঃ এ বি এম গোলাম মোস্তফা হিসাব রক্ষণ কর্মকর্তা জানান পৌরসভার অর্গানোগ্রাম অনুযায়ী বর্তমানে কর্মকর্তা/কর্মচারী সংখ্যা =২৮ জন প্রতি মাসে বেতন পরিশোধের পরিমান=১২,৫৭,৫৭২/-টাকা কোনবেতন ভাতা বকেয়া নাই। বিদ্যুৎ বিল ১ জুলাই/২০২৩ পর্যন্ত বকেয়ার পরিমান ৯,০২,৬৩৩.০০ টাকা। অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে ৬,০০,০৩৫/-টাকা বিল পাওয়া গেছে। জুলাই-ডিসেম্বর/২০২৩ইং পর্যন্ত সর্বমোট ২০,৯০,২৩২.০০ টাকা বিল পাওয়া গেছে। উক্ত বিলের মধ্যে চলতি কোয়াটারে | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে পৌরসভার অর্গানোগ্রাম অনুযায়ী বর্তমানে কর্মকর্তা/কর্মচারী বেতন ভাতা প্রতিমাসে পরিশোধ, বিদ্যুৎ, টেলিফোন বিল ও BMDF এর ঋনের কিস্তি যথা সময়ে পরিশোধ | পৌর নির্বাহী কর্মকর্তা / হিসাব রক্ষক/ হিসাব রক্ষণ কর্মকর্তা | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ২,৬৫,২৯৫.০০ টাকা পরিশোধ করা হয়েছে। পরিশোধের হার ১৩%।<br>চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে ২,০১৩/-টাকার টেলিফোন বিল পাওয়া গেছে। জুলাই-ডিসেম্বর/২০২৩ইং পর্যন্ত সর্বমোট ৪,০২৬/- টাকা টেলিফোন বিল পাওয়া গেছে। উক্ত বিলের মধ্যে চলতি কোয়াটারে কোন টাকা পরিশোধ করা হয়নি। পরিশোধের হার ০%।<br>সভায় জনাব মোঃ এ বি এম গোলাম মোস্তফা হিসাব রক্ষণ কর্মকর্তা আরো জানান BMDF এর ঋনের কিস্তি সেপ্টেম্বর/২০২৩ পর্যন্ত বকেয়া নাই, চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে ১টি কিস্তি বাবদ ৭,২৩,৪৫৩/-টাকা বকেয়া রয়েছে। পরিশোধের হার ৯২%। | করায় সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ঙ) | **স্থায়ী সম্পদের তালিকা করা, স্থায়ী সম্পদ রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের ডেটাবেস ডিজাইন করা এবং স্থায়ী সম্পদ অবচয় তহবিল অ্যাকাউন্ট তৈরি করা** | জনাব মোঃ মেজবাহুনুর লুলু ভান্ডার রক্ষক জানান সকল স্থায়ী সম্পদের তালিকা নিয়মিত হালনাগাদ করে পৌরসভার রেজিষ্টারে লিপিবদ্ধ করা হচ্ছে। সফটওয়্যারের মাধ্যমে স্থায়ী সম্পদ সমূহ কম্পিউটারে ১০০% এন্ট্রি করা হয়েছে এবং আগামীতে সকল স্থায়ী সম্পদের হিসাব-নিকাশ কম্পিউটারের মাধ্যমে রাখার জন্য আলোচনা হয়। স্থায়ী সম্পদের অবচয়ের জন্য পৃথক ব্যাংক হিসাব খোলা হয়েছে যাহার হিসাব নং এস টি ডি-৭৩ উত্তরা ব্যাংক লিঃ নীলফামারী শাখা, নীলফামারী। চলতি কোয়ার্টারে স্থায়ী সম্পদের অবচয় হিসাবে কোন টাকা জমা করা হয় নাই। সুদসহ সর্বমোট স্থিতির পরিমান ২,৯০,৭১৮/- টাকা। | প্রক্রিয়া চলমান রাখার এবং আগামীতে এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় | প্রধান সহকারী/<br>হিসাব রক্ষক/ভান্ডার রক্ষক/<br>হিসাব রক্ষণ কর্মকর্তা | |

## ক্ষেত্র-৬ ঃ রক্ষণাবেক্ষণ ( O&M)এবং ব্যবস্থাপনা (Maintenance ( O&M) and Management )

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| **ক** | **২৫% বার্ষিক বাজেটের বিধান সহ লিঙ্গ প্রতিক্রিয়াশীল বার্ষিক (O&M)পরিকল্পনা প্রস্তুত করা** | সহকারী প্রকৌশলী জনাব মোঃ হামিদুর রহমান জানান ২০২৩-২০২৪ইং অর্থবছরে (O&M) খাতে ১,০১,৯৫,০০০/- বরাদ্দ রাখা রয়েছে। বরাদ্দ অনুযায়ী বাৎসরিক কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে ২৯,৬৫,২৮৯/-টাকা ব্যয় করা হয়েছে। জুলাই-ডিসেম্বর/২০২৩ইং পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ৪০,৯৩,৯৩৬/-টাকা। ব্যয়ের হার ৪০%। জনাবা শ্রীমতি রত্না রানী মহিলা কাউন্সিলর ও ডাঃ মহির উদ্দিন নাগরিক সমাজের প্রতিনিধি ভাঙ্গা রাস্তা-ঘাট মেরামতের প্রস্তাব করেন। | ২০২৩-২৪ অর্থ বছরের O&M খাতে কর্মপরিল্পনা অনুযায়ী যথাসময় ব্যয় করার সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী/<br>সহকারী প্রকৌশলী | |
| **খ** | **রক্ষণাবেক্ষন (O&M ) কাজ পরিচালনার জন্য মোবাইল রক্ষণাবেক্ষন টীম (MMT) গঠন ও পরিচালনা করা** | সভায় জনাব মোঃ হামিদুর রহমান সহকারী প্রকৌশলী জানান ২০২৩-২০২৪ইং অর্থবছরে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠণ এবং কার্যকর বাবদ ৮,৫৫,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team কার্যক্রমে এক বছরের কর্ম পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। কর্ম পরিকল্পনা অনুয়ায়ী চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে ২,২৪,৩৬৩/-টাকা ব্যয় করা হয়েছে। জুলাই-ডিসেম্বর/২০২৩ইং পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ মেরামতের জন্য কর্মপরিল্পনা অনুযায়ী ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী/<br>সহকারী প্রকৌশলী | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ৩,৭১,২০৪/- টাকা। ব্যয়ের হার ৪৩%। TLCCর সন্তুষ্টির মাত্রা ৭৬% । | | | |

**ক্ষেত্র-৭ ঃ জরিপকৃত রাস্তা,ড্রেন নেটওয়ার্ক এবং অন্যান্য সম্পদের তালিকা (List of Surveyed roads,drain networks and other assets)**

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক | **রাস্তা ও ড্রেন নেটওয়ার্কে র অবস্থা জরিপ করাএবং নথিভুক্ত করা** | জনাব মোঃ হামিদুর রহমান সহকারী প্রকৌশলী নীলফামারী পৌরসভা জানান পৌরসভার অভ্যন্তরে জরিপ তথ্যে মোট রাস্তার সংখ্যা ২৪৯ টি দৈঘ্য ১৪১.৫ কিঃ মিটার, মোট ড্রেন এর সংখ্যা ৭২ টি, দৈঘ্য ২৬.৫ কিঃ মিটার। পৌরসভার অন্যান্য সম্পদের তালিকা রেজিষ্টারভুক্ত করা আছে। সম্মানীত কাউন্সিলর জানাব মোঃ শাহাজাহান আলী উক্ত রাস্তা ড্রেন যথা সময়ে সংস্কারের প্রস্তাব করেন। | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে রাস্তা ও ড্রেন যথা সময়ে রক্ষণাবেক্ষণ/ মেরামতের প্রস্তাব গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী/ সহকারী প্রকৌশলী | |

**ক্ষেত্র-৮ ঃ প্রশাসনিক স্বচ্ছতা।**(Administrative Transparency)

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | **স্থায়ী কমিটি গঠন ও কাজ** (রেফারেন্সঃ পৌরসভা আইন, ২০০৯ এর ধারা ৫৫) | জনাব মোঃ মশিউর রহমান পৌর নির্বাহী কর্মকর্তা জানান চলতি কোয়ার্টারে স্থায়ী কমিটির ১৭ টি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার আলোচনা, সুপারিশ ও সিদ্ধান্ত সমুহ পর্যালোচনা করা হয় এবং তা বিস্তারিত আলোচনা ও প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণের জন্য TLCC ও পৌর পরিষদের সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য সচিব | |
| খ) | **সকল প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় অংশগ্রহন ও সহায়তা নিশ্চিতকরণ** | সভায় অবহিত করা হয় যে, পৌরসভা কর্তৃক পৌরসভার সকল কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষনের ব্যবস্থা করা হয়েছে। এছাড়াও, সকল প্রশিক্ষণ কর্মসূচীতে স্বতঃষ্ফুর্ত অংশগ্রহণ নিশ্চিত করা হয় এবং পৌরসভার সকল কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণের নিমিত্তে ২০২৩-২৪ইং অর্থ বছরে ২,০০,০০০/- বাজেট রাখা হয়েছে। বাজেট পরিকল্পনা অনুযায়ী চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে ২৩,৬০০.০০ টাকা ব্যয় হয়েছে জুলাই-ডিসেম্বর/২০২৩ইং পর্যন্ত সর্বমোট ব্যয় করা হয়েছে ২,০০,২৮৫.০০ টাকা । ব্যয়ের হার ১০০%। | আগামীতে এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় । | মেয়র/ পৌর নির্বাহী কর্মকর্তা | |
| গ) | **সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি (IIT )ব্যবহার করা** (রেফারেন্সঃ পৌরসভা আইন, ২০০৯ এর ধারা ৫৪) | পৌরসভার ওয়েব সাইটে তথ্য আপলোডের কার্যক্রম অব্যাহত আছে এবং সিটিজেন চার্টারসহ অন্যান্য নাগরিক সুবিধার জন্য তথ্যাদি প্রদর্শন করা হয়েছে। | প্রক্রিয়া চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা / নির্বাহী প্রকৌশলী | |

**ক্ষেত্র-৯ ঃ পৌরসভার প্রয়োজনীয় পরিসেবাগুলি কার্যকরী রাখা** (Keeping Essential Municipal Services Functional)

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্যদায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ক) | **কঠিন বর্জ্য সংগ্রহ,নিষ্পত্তি ও ব্যবস্থাপনা** | মোঃ মশিউর রহমান পৌর নির্বাহী কর্মকর্তা জানান ২০২৩-২০২৪ইং অর্থ বছরে বর্জ্য সংগ্রহ, অপসারণ, কর্মচারী বেতন,জ্বালানী ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ ১,৩৫,৫০,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা বিষয়ে ২০২৩-২০২৪ইং অর্থ বছরে কার্যক্রমে কর্ম পরিকল্পনা করা হয়েছে এবং পরিকল্পনা অনুযায়ী চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে ৪১,৬০,৩৭০/- টাকা ব্যয় করা হয়েছে। জুলাই-ডিসেম্বর/২০২৩ইং পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ৭৬,৭৫,৯৯৩/-টাকা। ব্যয়ের হার ৫৭%। T L C C সম্মানীত সদস্যদের সন্তুষ্টির মাত্রার হার ৭৬%। T L C C সম্মানীত সদস্য জনাব মোঃ মোস্তফা জামাল জানান বর্জ্য সংগ্রহ, অপসারণ কাজে নিয়োজিত শ্রমিকদের ঠিকসময়মত তদারকি করা প্রয়োজন। জনাবা আফরোজা সুলতানা মহিলা কাউন্সিলর ও জানাব মোঃ রাসেল আমীন স্বপন এনজিও প্রতিনিধি ভাঙ্গা ডাস্টবিন সরানো ও নতুন ডাস্টবিন বসানো প্রস্তাব করেন। | বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা খাতে আশানুরুপ ব্যয়, কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন হওয়ায় জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | স্যানিটারী ইন্সপেক্টর/ কঞ্জারভেন্সি ইন্সপেক্টর | |
| খ) | **ড্রেন পরিস্কার রক্ষণাবেক্ষণ** | জনাব মোঃ মশিউর রহমান পৌর নির্বাহী কর্মকর্তা জানান ২০২৩-২০২৪ইং অর্থ বছরে ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ কর্মচারী বেতন,জ্বালানী ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ ১,৪৯,৩৫,০০০/- টাকা বাজেট বরাদ্দ রাখা হয়েছে। ড্রেন পরিষ্কার ও রক্ষণা-বেক্ষণ বিষয়ে ২০২৩-২০২৪ইং অর্থ বছরে কার্যক্রমে কর্ম পরিকল্পনা করা হয়েছে এবং পরিকল্পনা অনুয়ায়ী চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে ৩৯,৪৪,৪৫৬/-টাকা ব্যয় করা হয়েছে। জুলাই-ডিসেম্বর/২০২৩ইং পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ৭৫,০৯,১৭১/- টাকা। ব্যয়ের হার ৫০%। শহর দরিদ্রজনগোষ্ঠির প্রতিনিধি জনাব আবু তালেব জানান অনেকে এখনো ময়লা আবর্জনা ডাষ্টবিনে না ফেলে আশে-পার্শ্বে/ড্রেনে ফেলেন এ জন্য আবর্জনা ড্রেনে না ফেলার জন্য সচেতনামুলক র‍্যালি/মাইকিং করার মরামর্শ দেন । TLCC র সন্তুষ্টির মাত্রা ৭৬%। মশার উপদ্রপ বৃদ্ধি পাওয়ায় ড্রেন পরিষ্কার ও মশক নিধনের জন্য সম্মানীত কাউন্সিলর জানাব মোঃ শাহাজাহান আলী প্রস্তার করেন।সম্মানীত কাউন্সিলর জানাব মোঃ আব্দুল মতিন মানিকের মোড়ে ড্রেন সংস্কারের প্রস্তাব করেন। | ড্রেন পরিষ্কার,রক্ষণা-বেক্ষণ এর জন্য তদারকি জোরদার,মশক নিধন ও ড্রেন সংস্কার করনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী/ স্যানিটারী ইন্সপেক্ট র | |
| গ) | **সড়ক বাতি সচল/কার্যকর রাখার ব্যবস্থা** | জনাব মোঃ মশিউর রহমান পৌর নির্বাহী কর্মকর্তা জানান ২০২৩-২০২৪ইং অর্থবছরে সড়ক বাতি কার্যকর রাখার জন্য বিদ্যুৎ বিল,বৈদ্যুতিক দ্রবাদি ক্রয় ও অন্যান্য আনুসঙ্গিক খরচ বাবদ বাজেট ২৮,২৫,০০০/- টাকা বরাদ্দ রাখা হয়েছে। সড়ক বাতি কার্যক্রমে এক বছরের কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং পরিকল্পনা অনুযায়ী চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে ৬,৫৪,৭৩৩/-টাকা ব্যয় করা হয়েছে। জুলাই-ডিসেম্বর/২০২৩ইং পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ৯,২৯,৫১৮.০০ টাকা। ব্যয়ের হার ৩৩%। নাগরিক সমাজের প্রতিনিধি জনাব মোঃ মোকেদুজ্জামান রতন সৌরবাতি বৃদ্ধির জন্য প্রস্তাব করেন। TLCC র সন্তুষ্টির মাত্রা ৭৬%। | জরুরী ভিত্তিতে সড়ক বাতি প্রতিস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী(কিদ্যুৎ)/বাতি পরিদর্শক/বিদ্যুৎ মিস্ত্রি | |
| ঘ) | **স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা** | সভায় জনাব মোঃ এ কে এম মর্তুজ আলী স্যানিটারী ইন্সপেক্টর জানান ২০২৩-২০২৪ইং অর্থ বছরে স্যানিটেশন কার্যক্রমের বাবদ ৬,০০,০০০/- টাকা বাজেট বরাদ্দ | পার্শ্বে উল্লেখিত আলোচনার প্রেক্ষিতে স্যানিটেশন কার্যক্রমের প্রক্রিয়া চলমান | সহকারী প্রকৌশলী/ স্যানিটারী ইন্সপেক্টর | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | রাখা হয়েছে। স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনায় এক বছরের কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে পরিকল্পনা অনুয়ায়ী চলতি অক্টোবর-ডিসেম্বর/২০২৩ইং কোয়ার্টারে ২,৬৫,০০০/-টাকা ব্যয় করা হয়েছে। জুলাই-ডিসেম্বর/২০২৩ইং পর্যন্ত সর্বমোট ব্যয় হয়েছে ৩,৯৬,০০০.০০ টাকা। ব্যয়ের হার ৬৬%। T L C C সম্মানীত সদস্য দরিদ্র শ্রেনীর প্রতিনিধি জনাবা নার্গিস ফারহানা বলেন গাছবাড়ী বাসষ্টান্ডে নারী বান্ধব পাবলিক টয়লেট স্থাপন করা প্রয়োজন। TLCCর সন্তুষ্টির মাত্রা ৭৬%। | রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | | |

**বিবিধ ঃ UGIAP কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে পৌরসভার সম্মতি ও অঙ্গীকার** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ মশিউর রহমান জানান UGIIP-III প্রকল্প পৌরসভার সুপরিচালন,দক্ষতা বৃদ্ধি ও ভৌত অবকাঠামো উন্নয়ন কাজে অর্থ বরাদ্দ,প্রশিক্ষন,সভা,সেমিনার ও বিভিন্ন দিকনির্দেশনাসহ সার্বিক সহযোগিতা প্রদান করেছেন। বর্তমানে UGIIP-III প্রকল্প চলমান নেই কিন্তু পৌরসভার স্বার্থে উক্ত কার্যক্রম(UGIAP) চলমান আছে এবং ভবিষৎতে চলমান রাখা আবশ্যক। সম্মানীত মেয়র মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে উক্ত বিষয়ে জ্ঞাত করেন এবং জ্ঞাতান্তে বিস্তারিত আলোচনা হয়। সম্মানীত কাউন্সিলর জানাব মোঃ শাহাজাহান আলী ও মোস্তফা জামাল UGIAP কার্যক্রম চলমান রাখার প্রস্তাব করেন। সম্মানীত কাউন্সিলর এর প্রস্তাবে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোশন করেন।

অত:পর সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত TLCC'র সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান
সদস্য সচিব(TLCC)
নীলফামারী পৌরসভা

দেওয়ান কামাল আহমেদ
মেয়র
নীলফামারী পৌরসভা

সম্মারক নং- নীঃ পৌঃ সভা/সাধা-নথি/২০২৩-২০২৪/ তারিখঃ- ২৮/১২/২০২৩ ইং

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলঃ**

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, (IUGIP) আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। জনাব/বেগম.........................................................সদস্য/সদস্য-সচিব, শহর সমন্বয় কমিটি (TLCC), নীলফামারী **পৌরসভা**
৪। অফিস নথি।

মোঃ মশিউর রহমান
সদস্য সচিব(TLCC)
নীলফামারী পৌরসভা
নীলফামারী

দেওয়ান কামাল আহমেদ
মেয়র
নীলফামারী পৌরসভা
নীলফামারী